

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২২/১৫১

তারিখ : ২০ জুলাই, ২০২২

“সকল সম্মানিত সদস্যের জন্য”

বিষয়ঃ ডায়রিয়া এবং অন্যান্য পানিবাহিত রোগসমূহ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশে অত্যধিক তাপপ্রবাহ এবং আদ্রতায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। উল্লেখ্য যে, বন্যার পরে সাধারণত ডায়রিয়া ব্যাপক আকার ছুঁড়ে পড়ে এবং তীব্র উষ্ণতার ফলে সমগ্র দেশে সর্দি, জ্বর ও ডায়রিয়াসহ নানাবিধ রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। তৈরী পোশাক শিল্পে লক্ষ লক্ষ শ্রমিক/কর্মচারী কাজ করছে। এই শ্রমিক/কর্মচারীরা দেশের অর্থনীতির মূল চালিকা শক্তি। দেশের অর্থনীতি সমৃদ্ধির ক্ষেত্রে তাদের ভূমিকা অনস্বীকার্য। উক্ত শ্রমিক/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষার দায়িত্ব আমার/আপনারসহ সকলের।

ডায়রিয়াসহ অন্যান্য পানিবাহিত রোগসমূহ প্রতিরোধে ও প্রতিকারে কিছু বিষয়ে সতর্ক থাকা প্রয়োজনঃ

- ১। খোলা, পচা ও বাসি খাবার খাওয়া থেকে বিরত থাকুন।
- ২। বিশুদ্ধ পানি পান ও ব্যবহার নিশ্চিত করুন। পানি কমপক্ষে ৩০ মিনিট ফুটিয়ে নিন অথবা পানি বিশুদ্ধকরণ বডি ব্যবহার করুন।
- ৩। অনিরাপদ পানি, শরবত, আঁখের রস ইত্যাদি পান করা থেকে বিরত থাকুন।
- ৪। খাওয়ার পূর্বে ও টয়লেটের পর সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করুন। স্বাস্থ্য সম্মত পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ব্যবহার করুন।
- ৫। ডায়রিয়া হলে পর্যাপ্ত পরিমাণে খাবার স্যালাইন পান করবেন। বেশি বেশি তরল খাবার গ্রহণ করুন। পাশাপাশি স্বাভাবিক পুষ্টিকর খাবার গ্রহণ করুন।
- ৬। ডায়রিয়া আক্রান্ত শিশুকে বারবার মায়ের দুধ খেতে দিন।
- ৭। ডায়রিয়া বেশি হলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিন।

উপরে বর্ণিত নির্দেশনাসমূহ আপনি ও আপনার পরিবার পরিজন, শ্রমিক/কর্মচারী ও তাদের পরিবার পরিজনকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি